

# ডিজিটাল বাংলাদেশ পুরস্কার ২০২২

## অনুসরণীয় নির্দেশনাবলী

১. কোন ব্যক্তি, দল বা প্রতিষ্ঠান কোন উদ্ভাবন/প্রকল্প/উদ্যোগ ইত্যাদির জন্য জাতীয় পর্যায়ে পুরস্কার প্রাপ্ত হলে ঐ একই উদ্ভাবন/প্রকল্প/উদ্যোগ এর জন্য ডিজিটাল বাংলাদেশ পুরস্কারের জন্য বিবেচিত হবেন না।
২. প্রাতিষ্ঠানিক আবেদনের ক্ষেত্রে প্রতিষ্ঠান প্রধান এর মাধ্যমে যথাযথভাবে আবেদন করতে হবে।
৩. কোন সরকারি/বেসরকারি তহবিল এর সহযোগিতায় সৃষ্ট উদ্ভাবন/প্রকল্প/উদ্যোগ ইত্যাদির জন্য আবেদন করলে সংশ্লিষ্ট অফিস/প্রতিষ্ঠানের অনুমোদন/প্রত্যয়নসহ আবেদন করতে হবে।
৪. আবেদনপত্রের তথ্য অসম্পূর্ণ বা অসত্য বা অস্পষ্ট এবং নির্ধারিত সময়ের মধ্যে দাখিল করতে ব্যর্থ হলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
৫. একই উদ্ভাবন/প্রকল্প/উদ্যোগ এর জন্য একাধিক ক্ষেত্রে আবেদন গ্রহণযোগ্য হবে না।
৬. আবেদন বাছাই/মূল্যায়নের কোন পর্যায়ে পুনঃনিরীক্ষণের আবেদন বিবেচনা করা হবে না।
৭. কোন শ্রেণিতে কাঙ্ক্ষিত মানসম্পন্ন কোন আবেদন পাওয়া না গেলে সেক্ষেত্রে ঐ শ্রেণিতে পুরস্কার প্রদান ঐ বছরের জন্য স্থগিত থাকবে।
৮. জাতীয় ও জেলা পর্যায়ের জন্য পৃথকভাবে আবেদন করতে হবে।
৯. নির্ধারিত ওয়েবসাইট ([www.digitalbangladesh.gov.bd](http://www.digitalbangladesh.gov.bd)) এর মাধ্যমে অনলাইনে আবেদন করতে হবে। হার্ডকপিতে কোন আবেদন গ্রহণযোগ্য হবে না।
১০. পুরস্কার প্রাপ্তির ক্ষেত্রে কোন ধরনের তদবির আবেদনকারী ব্যক্তি/দল/প্রতিষ্ঠানের অযোগ্যতা বলে বিবেচিত হবে।
১১. দলগত আবেদনের ক্ষেত্রে দলের সদস্য সংখ্যা ৫ জনের অধিক হতে পারবে না।
১২. ডিজিটাল বাংলাদেশ পুরস্কার ২০২২ এর আবেদনের সময়সীমা ২২ আগস্ট ২০২২, রাত ১১:৫৯ পর্যন্ত। উল্লিখিত সময়ের পর কোন অবস্থাতেই আবেদন গ্রহণ করা হবে না।
১৩. নীতিমালায় উল্লেখ নেই এরূপ সকল বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।